

এক সপ্তাহ পর খুলল কুবির আবাসিক হল

কুবি প্রতিনিধি

৯ অক্টোবর ২০২২ ০৮:০৩

পিএম | আপডেট: ৯

অক্টোবর ২০২২ ০৮:০৫

পিএম

25
Shares



BERGER
Trusted Worldwide

ধূলো
ময়লার
মুক্তি সমাধান

বার্জার ওয়েদারকোট অ্যান্টিডার্ট সুপ্রিম
ধূলোলি থেকে দেওয়ালকে
সুরক্ষিত রাখে **১০** বছর পর্যন্ত।

10

ছবি: আমাদের সময়

advertisement

এক সপ্তাহ বন্ধ থাকার পর খুলেছে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের (কুবি) পাঁচটি আবাসিক হল। আজ রোববার দুপুর ১২টার দিকে বিশ্ববিদ্যালয়ের হলগুলো সিলগালা মুক্ত করে প্রশাসন।

সরেজমিনে দেখা যায়, শিক্ষার্থীদের পরিচয়পত্র যাচাই করেই হলে প্রবেশ করতে দেওয়া হচ্ছে। তবে যাদের পরিচয়পত্র কিংবা আবাসিকতা নেই তাদের পূর্ব ঘোষণা অনুযায়ী দেওয়া হচ্ছে সাময়িক পরিচয়পত্র।

advertisement 3

শহীদ ধীরেন্দ্রনাথ দত্ত হলের আবাসিক শিক্ষার্থী সাইদুল আলম বলেন, 'যখন সিলগালা করা হচ্ছিল তখন আমরা শঙ্কায় ছিলাম কবে আবার হল খোলা হবে। কিন্তু বিশ্ববিদ্যালয় প্রশাসন শিক্ষার্থীদের

কথা চিন্তা করে যে সিদ্ধান্ত নিয়েছে এতে সাধুবাদ জানাই। হলে প্রবেশের জন্য প্রশাসন যে পদ্ধতি অবলম্বন করছে আশা করি তাতে শিক্ষার্থীদের নিরাপত্তা আরোও জোরদার হবে।'



যাদের পরিচয়পত্র কিংবা আবাসিকতা নেই তাদের সাময়িক পরিচয়পত্র দেওয়া হচ্ছে

advertisement 4

শহীদ ধীরেন্দ্রনাথ দত্ত হলের প্রভোস্ট ড. মোহাম্মদ মিজানুর রহমান বলেন, 'বিশ্ববিদ্যালয়ে একটা উদ্ভুত পরিস্থিতির কারণে আমরা হল সিলগালা করেছিলাম। উপাচার্যের সিদ্ধান্তে আজ ১২টার দিকে আমরা হলগুলো সিলগালা মুক্ত করি।'

বিশ্ববিদ্যালয়ের প্রক্টর কাজী ওমর সিদ্দিকী বলেন, 'আমরা বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তার কথা চিন্তা করে হলের শিক্ষার্থীদের সাময়িক পরিচয়পত্র দিয়ে হলে প্রবেশ করাচ্ছি। ভবিষ্যতে যেন কোনো অপ্রীতিকর ঘটনা না ঘটে বিশ্ববিদ্যালয় প্রশাসন সে চেষ্টাই করছে।'

উল্লেখ্য, গত ২ অক্টোবর বিশ্ববিদ্যালয়ে শাখা ছাত্রলীগের কমিটি বিলুপ্তিকে কেন্দ্র করে দুপক্ষের মহড়ায় অস্থিতিশীল পরিস্থিতি তৈরি হয়। তখন বিশ্ববিদ্যালয় প্রশাসন হলগুলো সিলগালা করে অনিদিষ্টকালের জন্য বন্ধ করে দেয়।

25
Shares